গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ, বাজেট শাখা
**www.lawjusticediv.gov.bd।**

নং-১০.০০.০০০০.১২৬.২০.০১১.১৫-৫৭৮ তারিখ-১১-০৪-২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ-মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (**Attached Department**) এবং অধস্তন অফিসসমূহের প্রদত্ত আর্থিক ক্ষমতা (অনুন্নয়ন) বহির্ভূত বাজেট মঞ্জুরি আদেশের বিপরীতে বিল পরিশোধ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (**Attached Department**) এবং অধস্তন অফিস সমূহকে প্রদত্ত আর্থিক ক্ষমতা (অনুন্নয়ন) সংশোধন সম্পর্কিত অর্থ বিভাগ কর্তৃক গত ১৬/০৮/২০১৫ খ্রিঃ তারিখে ০৭. ০০. ০০০০. ১৫১. ২২. ০০৩. ১৫-৩৫১(১) নং স্মারকে জারিকৃত আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগের দায়িত্বপ্রাপ্ত সচিব (সিনিয়র সচিব ও ভারপ্রাপ্ত সচিব) তাঁর মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত দপ্তর (**Attached Department**) এবং অধস্তন অফিসসমূহের প্রাপ্তি ও মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক নিয়ন্ত্রিত বাজেট মঞ্জুরী হতে যে ব্যয় নির্বাহ হবে সে বিষয়ে প্রধান হিসাবদানকারী কর্মকর্তার (**Principal Accounting Officer**) দায়িত্ব পালন করেন।

অধস্তন আদালত/ট্রাইব্যুনাল সমূহ আইন ও বিচার বিভাগের বাজেটের আওতাধীন হওয়ায় অধস্তন আদালত ও ট্রাইব্যুনাল সমুহে এ অনুকূলে মঞ্জুরীকৃত বাজেট থেকে বাজেট বরাদ্দ প্রদান করা হয় এবং উন্নয়নমূলক কার্যাবলীও সম্পন্ন করা হয়। মন্ত্রণালয়/বিভাগসমূহ নিজ আর্থিক ক্ষমতার মধ্যে যতটুকু সঙ্গত বিবেচনা করবে ততটুকু সংযুক্ত দপ্তর ও অধস্তন অফিসসমূহকে অর্পণ করতে পারবে।

অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ ১৬ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ এর আর্থিক ক্ষমতা অর্পণ (**Delegation of Financial Powers**) ও আর্থিক ক্ষমতা পুনঃঅর্পণ (**Sub-Delegation of Financial Powers**) অনুন্নয়ন বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতার টেবিল অনুযায়ী মঞ্জুরি প্রদানের ক্ষমতা মন্ত্রণালয়/ বিভাগ, সংযুক্ত দপ্তর-প্রধান, বিভাগীয়/আঞ্চলিক অফিস সমূহ তাদের উপর অর্পিত ক্ষমতাবলে প্রয়োগ করে থাকেন। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, কিছু কিছু দপ্তর থেকে উক্ত টেবিল বহির্ভূতভাবে মঞ্জুরি আদেশ প্রদান করা হচ্ছে এবং উক্ত মঞ্জুরি আদেশের অনুকূলে বিলও দাখিল করা হচেছ, যা উপরোক্ত আইন ও বিধি-সম্মত নয়।

সার্বিক অবস্থায় আইন ও বিচার বিভাগের অনুকূলে মঞ্জুরিকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে বাজেটে প্রদত্ত আর্থিক ক্ষমতা বন্টনের টেবিল অনুযায়ী আইন ও বিচার বিভাগের অনুমতি ছাড়া উপস্থাপিত বিল প্রদান করা হলে তার দায়িত্ব এ বিভাগ বহন করবে না।

(কাজী মুশফিক মাহবুব রবিন)
সিনিয়র সহকারী সচিব (বাজেট)

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

জ্ঞাতার্থে বিতরণ ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
২। জেলা জজ ..........................................
৩। মহানগর দায়রা জজ ..........................................
৪। বিভাগীয় বিশেষ জজ ..........................................
৫। বিশেষ জজ ..........................................
৬। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল/জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল/দ্রুত বিচার ট্রাইব্যুনাল/ পরিবেশ আপীল আদালত ..........................................
৭। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ..........................................
৮। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৯। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,..........................................।
১০। প্রোগ্রামার, আইসিটি সেল, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।